

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

স্মারক নং- ০৬

এ

তারিখঃ ২৪/০১/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ বিচার বিভাগীয় কর্মকর্তাগণের আবেদনপত্র (Representation) অত্র কোর্টের মাধ্যমে সরকারের নিকট দাখিল  
প্রসঙ্গে।

পরিপত্র

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ কর্তৃক অধস্তন আদালত ও অধস্তন আদালতের বিচারকগণের সংশ্লিষ্টতায় সময়ে সময়ে সার্কুলার, বিজ্ঞপ্তি, নির্দেশনা ইত্যাদি জারী করা হয়। অধস্তন আদালতের বিচারকগণ কর্তৃক সকল কার্যপরিচালনায় তা পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ করা বাধ্যতামূলক। উক্ত বিধি-বিধান লঙ্ঘন অনাকাঙ্ক্ষিত এবং শৃঙ্খলা পরিপন্থি।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ কর্তৃক ১৮/০৩/১৯৯২ খ্রিঃ তারিখে জারীকৃত সার্কুলার নং- ৪/জি, মূলে সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে যে কোনো বিষয়ে সরকারের নিকট কোনো আবেদনপত্র (Representation) অত্র কোর্টের মাধ্যমে প্রেরণ করার জন্য এবং সরকারের নিকট কোনো আবেদনপত্রের (Representation) অগ্রিম কপি (Advance copy) পাঠানো যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো বিচার বিভাগীয় কর্মকর্তা তাঁদের আবেদনপত্র (Representation) সরাসরি সরকারের নিকট প্রেরণ করছেন, যা স্পষ্টতই নির্দেশনার লঙ্ঘন তথা শৃঙ্খলা পরিপন্থি এবং এর ফলে উক্ত আবেদনের ভিত্তিতে সরকার কর্তৃক প্রেরিত কোনো প্রস্তাব/চাহিত পরামর্শ নিষ্পত্তিতে নানা প্রশাসনিক জটিলতার সৃষ্টি হয়।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ কর্তৃক ১৮/০৩/১৯৯২ খ্রিঃ তারিখে জারীকৃত সার্কুলার নং- ৪/জি, যথাযথভাবে অনুসরণ করে অধস্তন আদালতের সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে যে কোনো বিষয়ে সরকারের নিকট আবেদন (Representation) অত্র কোর্টের রেজিস্ট্রার জেনারেল এর মাধ্যমে প্রেরণ করার জন্য এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত সকল সার্কুলার, বিজ্ঞপ্তি, নির্দেশনা ইত্যাদির বিধানসমূহ ভবিষ্যতে যাতে লঙ্ঘন করা না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(সৈয়দ আমিনুল ইসলাম)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন- ৯৫৬২৭৮৫।

E-mail: rg@supremecourt.gov.bd

তারিখঃ ২৪/০১/২০১৬ খ্রিঃ

স্মারক নং-

এ,

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। জেলা জজ.....(সকল)।
- ৩। মহানগর দায়রা জজ.....(সকল)।
- ৪। বিভাগীয় বিশেষ জজ.....(সকল)।
- ৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল.....(সকল)।
- ৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিষয়কারী অপরাধ দমন ট্রাইব্যুনাল.....(সকল)।
- ৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল.....(সকল)।
- ৮। বিশেষ জজ (জেলা জজ).....(সকল)।
- ৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
- ১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল.....(সকল)।
- ১১। চেয়ারম্যান (জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট.....(সকল)।
- ১২। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
- ১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত.....(সকল)।
- ১৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.....(সকল)।
- ১৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.....(সকল)।
- ১৮। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষণের জন্য)
- ১৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা। (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

প্রযোজ্য ক্ষেত্রে  
প্রশাসনিক  
নিয়ন্ত্রণে কর্মরত  
সকল  
বিচারককে  
অনুলিপি  
বিতরণের  
প্রয়োজনীয়  
ব্যবস্থা গ্রহণের  
অনুরোধসহ

Ahlanuzzaman  
24.01.16

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন : ৯৫৬১৯৩২।

বাংলাদেশ সুপ্রীমকোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সাক্ষ্য নং- ৪/জি,

তারিখঃ- ১৮/০৩/৯২ ইং।

আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সকল বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে যেকোন বিষয়ে সরকারের নিকট কোন আবেদনপত্র (Representation) দাখিল করিতে হইলে তাহা অত্র কোর্টের রেজিষ্টারের মাধ্যমে দাখিল করিতে হইবে। তবে সরকারের নিকট কোন আবেদনপত্রের (Representation) Advance কপি (অগ্রিম কপি) পাঠানো যাইবে।

আদেশক্রমে  
(মোঃ নূরুল ইসলাম)  
রেজিষ্টার।